শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

জেনারেল ম্যানেজারের কার্যালয়
নওহাটা, রাজশাহী।
ফোন- ৮৮-০২৪৭-৮০০১২০
E-mail- rajpbshq@gmail.com
Web- www.pbs.rajshahi.gov.bd

# রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি

ISO 9001:2015 CERTIFIED **RAJSHAHI PALLI BIDYUT SAMITY**

স্মারক নং- ২৭.১২.৮১৭২.৫৪৯.০১.০৩৬.২২. ৮০৫ তারিখঃ ২২ মাঘ, ১৪২৮ বং:
০৫ ফেব্রুয়ারি ২০২২ খ্রি:

বিষয়ঃ ''পাওয়ার ট্রান্সফরমার পরিবহন" (এক্সেসরিজ ও তেল সহ) এর নিমিত্ত কোটেশন প্রদানের পুনঃ অনুরোধজ্ঞাপনপত্র (RFQ)।

নম্বরঃ (১৮/২০২১-২০২২), তারিখঃ ০৫-০২-২০২২খ্রিঃ ।

প্রতি,

-----------------------------------------------------------------------

-----------------------------------------------------------------------

-----------------------------------------------------------------------

রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক নিম্নের বর্ণনা অনুযায়ী ০২ টি ৩-ফেজ ১০/১৪ এমভিএ পাওয়ার ট্রান্সফরমার এক্সসরিজ ও তেল সহ লোডিং/ আনলোডিং ( খুলনা কেন্দ্রীয় ওয়্যারহাউজে যে অবস্থায় আছে সেই অবস্থায়) পরিবহনের জন্য বীমা সহ "কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ)" পদ্ধতির মাধ্যমে বাংলাদেশের প্রকৃত পরিবহনকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত খামে কোটেশন আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | মালামালের বিবরণ | পরিমাণ | একক মূল্য (টাকা) বীমা সহ ( বীমা খরচ ও পরিবহন খরচ আলাদা উল্লেখ করতে হবে) | মোট মূল্য (টাকা) |
|---|---|---|---|---|
| ০১ | খুলনা কেন্দ্রীয় ওয়্যারহাউজ বাপবিবো, শিরোমনি, খুলনা হতে ০২টি ১০/১৪ এমভিএ ৩ফেজ পাওয়ার ট্রান্সফরমার (আইটেম নং-জিএস-৪৭) রাজশাহী পবিসের সদর দপ্তর ও দূর্গাপুর-২ উপকেন্দ্রে ট্রেইলরের মাধ্যমে পরিবহন এবং লোডিং/ আনলোডিং সহ উপকেন্দ্রের প্যাডে স্থাপন হবে এবং সদর দপ্তর উপকেন্দ্রে বর্তমানে স্থাপিত ৫ এমভিএ ট্রান্সফরমারটি অপসারন করতে হবে। অপসারনযোগ্য ৫ এমভিএ ৩ ফেজ ট্রান্সফরমারের তেল সহ ওজন ১৩৮০০ কেজি। | ০২ টি প্রতিটির মূল্য ১৪২৮৩০২৭.০০ এবং মোট মূল্য ২৮৫৬৬০৫৪.০০ | | |
| | | মোট= | | |
| (কথায়) | | | | |

## শর্তাবলীঃ

০১. জেনারেল ম্যানেজার, রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি, নওহাটা, রাজশাহী এর অনুকুলে ''পাওয়ার ট্রান্সফরমার পরিবহন" এর লক্ষ্যে প্রকৃত ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে সিল মোহরকৃত খামে RFQ পদ্ধতিতে কোটেশন আহ্বান করা যাচ্ছে।

০২. কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।

০৩. সিলমোহরকৃত খাম, আগামী **১০-০২-২০২২** খ্রিঃ তারিখ বেলা ১১.৩০ ঘটিকা-এ বা এর পূর্বে কোটেশন (ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃঅঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড সদর দপ্তর ভবন, জোয়ার সাহারা খিলক্ষেত, ঢাকা -১২২৯ ও (খ) রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি, নওহাটা, রাজশাহী এ দাখিল করতে হবে। কোটেশনের খামে ''পাওয়ার ট্রান্সফরমার পরিবহন" এর জন্য কোটেশন এবং **১০-০২-২০২২ খ্রিঃ তারিখ বেলা ১১.৩৫**-এর আগে খোলা যাবে না" লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।

০৪. প্রাপ্ত দরপত্র সমূহ ১০-০২-২০২২ খ্রিঃ বেলা ১১.৩৫ সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকে) খোলা হবে। দরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিসে **Web-http://pbs.rajshahi.gov.bd** এ দেখা যাবে।

০৫. কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যুনতম ৬০ (ষাট)দিন পর্যন্ত জন্য সকল কোটেশন বৈধ থাকবে।

০৬. কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশন সমূহ ক্রমিক নং ০৩ এ বর্ণিত স্থান সমূহে যথাযথ কর্তৃপক্ষের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক দরপত্র উন্মুক্ত করা হবে।

০৭. কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক পাওয়ার ট্রান্সফরমার সমূহ পরিবহন পূর্বক প্যাডে স্থাপনের পূর্বে অবশ্যই সমিতি কর্তৃক গঠিত কমিটি কে দেখাতে হবে। পাওয়ার ট্রান্সফরমার সমূহ প্যাডে স্থাপনের পর কমিটি কর্তৃক পরীক্ষা পূর্বক সঠিকতা যাচাই করে ক্লিয়ারেন্স প্রদান করা হবে। মালামাল পরিবহনের পর প্যাডে স্থাপন সহ বিদ্যমান ট্রান্সফরমারের তেল সহ অপসারনের পর যাবতীয় কাজ সন্তোষজনক ভাবে সম্পন্ন হওয়ার সাপেক্ষে একাউন্টপেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। বিলের সাথে পাওয়ার ট্রান্সফরমার প্যাডে স্থাপনের ক্লিয়ারেন্স কপি, কার্যাদেশের কপি চুক্তি পত্রের কপি এবং পাওয়ার ট্রান্সফরমার পরিবহনের অনুমতিপত্রের কপি দাখিল করতে হবে। পরিশোধ যোগ্য বিল হতে সরকারী নিয়মানুযায়ী উৎস কর আয়কর ও অন্যান্য কর (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন করা হবে। এছাড়া বীমাযোগ্য ব্যয় পৃথক ভাবে উল্লেখ করতে হবে। বীমার প্রকৃত খরচ অফিস কর্তৃক নিয়মানুযায়ী পরিশোধ করা হবে। পাওয়ার ট্রান্সফরমার পরিবহনের সকল ব্যয় কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে বহন করতে হবে।

০৮. পাওয়ার ট্রান্সফরমার পরিবহনের লক্ষ্যে তত্ত্বাবধানে থাকা অবস্থায় কোন সরঞ্জামাদির ক্ষতি হলে, হারিয়ে গেলে অথবা কোনরূপ ক্ষতিগ্রস্থ হলে ক্ষতিপূরণ বাবদ যাবতীয় অর্থ পরিবহন ঠিকাদারের নিকট হতে আদায়যোগ্য হবে এবং বীমাকৃত টাকার সম্পূর্ন অংশ রাজশাহী পবিস এর অনুকূলে জমা প্রদান করতে হবে।

০৯. দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মুল্য পরিশোধও টাকায় করা হবে। কোটেশনদাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।

১০. কোটেশনদাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশনদাতার যোগ্যতার প্রমাণস্বরূপ বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর ও ভ্যাট নিবন্ধন নম্বর এর সত্যায়িত অনুলিপি এবং কোনো তফসিলি ব্যাংক থেকে আর্থিক সচ্ছলতার সনদ দাখিল করতে হবে। এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হতে পারে।

১১. মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩(তিন)টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

১২. উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশনদাতা বাধ্য থাকবে।

১৩. কার্যাদেশ জারীর তারিখ হতে ০৩ (তিন) টি কার্য দিবসের মধ্যে পাওয়ার ট্রান্সফরমার পরিবহনের জন্য সাধারণ বীমা কর্পোরেশন/সরকার কর্তৃক অনুমোদিত কোন বীমা প্রতিষ্ঠানের মাধ্যমে বর্ণিত পাওয়ার ট্রান্সফরমারের মূল্য অনুযায়ী বীমা/ইনস্যুরেন্স করতঃ বীমার সনদপত্র ও অন্যান্য কাগজাদি রাজশাহী পবিস এ জমা প্রদান করতে হবে এবং বর্ণিত সময়ের মধ্যে (০৩টি কার্যদিবস) ৩০০/- টাকার নন- জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তি সম্পাদন করতে হবে। রাজশাহী পবিস কর্তৃক বীমার কাগজপত্রের সঠিকতা যাচাই করে সঠিক থাকা সাপেক্ষে পরিবহন করার অনুমতিপত্র প্রদান করা হবে। পাওয়ার ট্রান্সফরমার পরিবহনের অনুমতি পত্রজারির তারিখ হতে ০৭ (সাত) দিনের মধ্যে ট্রান্সফরমার পরিবহনের কাজ সম্পন্ন করতে হবে। মালামাল লোডিং এর পূর্বে অবশ্যই কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। ট্রান্সফরমার পরিবহনের জন্য ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নাম লিখিতভাবে রাজশাহী পবিস কে অবহিত করতে হবে।

১৪. কার্যাদেশে উল্লিখিত সময়ের মধ্যে ট্রান্সফরমার পরিবহন ও স্থাপন সহ সকল কাজ সমাপ্ত করতে ব্যর্থ হলে প্রতিদিনের বিলম্বের জন্য কার্যাদেশে উল্লেখিত মোট মূল্যের ১% এর $\frac{১}{১০}$ অংশ হিসাবে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট মূল্যের ১০% এর অধিক হবে না।

১৫. রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতির কর্তৃপক্ষ সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

১৬. দরপত্র দলিলে উল্লেখ নেই এমন কোন বিষয়ে সমস্যার উদ্ভাব হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

(প্রকৌঃ মোঃ একরামুল হক)
জেনারেল ম্যানেজার
রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি
নওহাটা, রাজশাহী।

অনুলিপিঃ- (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ, জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, (আইসিটি) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা (ওয়েব সাইডে দেওয়ার অনুরোধ সহ)
০৩। জেলা প্রশাসক, রাজশাহী।
০৪। পুলিশ সুপার, রাজশাহী।
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ------------------------পবিস-১/২/৩/৪।
০৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, রাজশাহী।
০৭। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, রাজশাহী।
০৮। উপজেলা নির্বাহী অফিসার, পবা, রাজশাহী।
০৯। এজিএম (অর্থ-হিসাব), রাজশাহী পবিস।
১০। নোটিশ বোর্ড, রাজশাহী পবিস।
১১। **Web-http://pbs.rajshahi.gov.bd** (JE –IT/AJE-IT ওয়েব সাইটে প্রকাশ করবেন)।
১২। অফিস/মাস্টার কপি।

E:\Akhter Banu\Akhter Banu 2022\TENDER-2021\RFQ\RFQ সিডিউল 2021\পাওয়ার ট্রান্সফরমার পরিবহন দরপত্র.doc